193

আজকের কাগজ

তারিখ 19 JUN 1995
পৃষ্ঠা 7 কলাম 2

# ঢা.বি.তে নতুন পদ্ধতির সম্মান কোর্স চালু হচ্ছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদ ১৯৯৪-৯৫ শিক্ষা বছর থেকে সমন্বিত কোর্স পদ্ধতি চালু করবে। কলা অনুষদের ১৩টি বিভাগ এ কার্যক্রমের আওতায় থাকবে। আন্তর্জাতিক মানসম্পন্ন অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মান অর্জনের জন্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এ পদ্ধতি চালু করছে। নতুন এ পদ্ধতি অনুযায়ী সম্মান ও অনুষঙ্গী বিষয়ের সমান গুরুত্ব থাকবে। প্রচলিত নিয়ম অনুযায়ী অনুষঙ্গী বিষয়গুলোতে কেউ কেবলমাত্র পাস এবং সম্মান বিষয়ে শতকরা ৬০ নম্বর পেলেই সে প্রথম শ্রেণী অর্জন করে। কিন্তু নতুন পদ্ধতি অনুযায়ী শিক্ষার্থীকে প্রথম শ্রেণী অর্জন করতে হলে সম্মান বিষয়ে ৬০ এবং অনুষঙ্গী বিষয়গুলোতে অন্তত শতকরা ৪৫ পেতে হবে।

নতুন পদ্ধতিতে সম্মান কোর্সে পরীক্ষার্থীরা ১৫শ' নম্বরের পরীক্ষা দেবে। তিন বছর মেয়াদী এ কোর্সের প্রথম বর্ষে ৪শ' দ্বিতীয় বর্ষে ৫শ' এবং তৃতীয় বর্ষে ৫শ' নম্বরসহ টিউটোরিয়াল ও মৌখিক পরীক্ষায় বাকি ১শ নম্বর থাকবে।

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র